

অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে ঈদুল আয্হার জামাত অনুষ্ঠিত

অত্যন্ত আনন্দ ও উর্দীপনার মধ্যে দিয়ে সিডনীসহ অস্ট্রেলিয়ার বিভিন্ন স্থানে পবিত্র ঈদুল আয্হার জামাত অনুষ্ঠিত হয়। অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে এবারও পবিত্র ঈদুল আয্হার জামাতের আয়োজন করা হয়েছিল। গত ৬ নভেম্বর রবিবার ঈদের জামাত অনুষ্ঠিত হয়। জামাত শুরু হয় সকাল ৮টায়। ঈদের জামাত অনুষ্ঠিত হয় মিন্টু সপিং সেন্টারের সন্নিহিত Sarh Redfern High School Hall এ। এবার ছুটির দিনে ঈদ উদযাপিত হওয়াতে সকাল থেকে হলসওয়ার্দি, লিভারপুল, ওয়াটেলগ্রোভ, ইঙ্গেলবার্ন সহ বিভিন্ন স্থান থেকে পনেরশ' ধারন সম্পন্ন হলে মহিলাসহ বিপুল সংখ্যক মুসল্লীরা জামাতে শরীক হয়। কানায় কানায় পূর্ণ হলের পবিত্র ঈদুল আয্হার জামাতের ইমামতি করেন বিশিষ্ট আলেম ও মিন্টু মসজিদের প্রাক্তন ইমাম **Sheikh Dr. Louay Abdul Baki**। খুতবার পর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সভাপতি জনাব মোফাজ্জল ভূইয়া ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আখতার সৈয়দ বাদল। সভাপতি ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মিন্টু ও ইঙ্গেলবার্নের কর্নারে ক্রয়কৃত জমিতে একটি মসজিদ ভিত্তিক কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। ক্যান্সবেলটাউন সিটি কাউন্সিলের মেয়র **Mr. Anoulack Chanthivong** সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। পরে **Mr. Anoulack Chanthivong** উপস্থিত সকল মুসল্লিদের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। পরে সংগঠনের পক্ষ থেকে সকলকে মিষ্টি মুখ করানো হয়। অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার বৃহত্তর ক্যান্সবেলটাউন এলাকায় একটি মসজিদ ভিত্তিক কমপ্লেক্স প্রতিষ্ঠার জন্য দীর্ঘদিন নিরলসভাবে অবিরাম কাজ করে যাচ্ছে। এ প্রকল্পে বাংলাদেশীদের সরাসরি সহযোগিতার প্রয়াসে বিভিন্ন কর্মসূচী বিশেষ করে মুসলিম ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবসগুলিসহ কোরবানী, ঈদের জামাত ও ঈদ উৎসব সহ অন্যান্য অনুষ্ঠানগুলি সাফল্যের সাথে পালন করে আসছে। ইসলামী শরীয়াহ নীতিমালা অনুযায়ী কুরবানী সহীহভাবে সম্পন্ন করার সুবিধার্থে সংগঠন প্রতিবারের মত এবারও কুরবানীর ব্যবস্থা করেছিল। কমিউনিটির বিপুল

সংখ্যক সদস্য অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের মাধ্যমে কুরবানী প্রদান করে। গত ৮ নভেম্বর সেন্টারে কুরবানীর মাংস প্রদান করা হয়।







